

শিরোনাম : Initiative to make Bangladesh Railways Tobacco Free  
(IMBRTF) প্রকল্প

মেয়াদকাল : ডিসেম্বর ২০২১ থেকে নভেম্বর ২০২৩

উন্নয়ন সহযোগী : The Union (International Union Against  
Tuberculosis and Lung Disease)

প্রকল্প গ্রহণ প্রক্রিয়া: ডিসেম্বর ২০১৯ এ রেলপথ মন্ত্রণালয়ের অংশীজন সভার সিদ্ধান্ত অনুযায়ী রেল স্টেশন ও ট্রেন ধূমপান ও তামাকমুক্ত করার লক্ষ্যে একটি প্রকল্প প্রস্তাব (Project Idea) যুক্তরাষ্ট্রের Bloomberg Initiative to Reduce Tobacco Use-এ প্রেরণ করা হয়। বিশ্বের বিভিন্ন দেশ হতে ১৮০টির অধিক প্রকল্প প্রস্তাবের মধ্যে এ প্রস্তাব প্রাথমিকভাবে বিবেচিত হয়। পরবর্তীতে বিআই-এর বিশেষজ্ঞদের নিয়ে গঠিত কমিটি রেলপথ মন্ত্রণালয়ের প্রস্তাবসহ ৫৮টি প্রস্তাব চূড়ান্তভাবে অনুমোদনের সুপারিশ করে।

প্রকল্পের সাধারণ উদ্দেশ্য:

- শিশু, নারী, অসুস্থ ব্যক্তি, গর্ভবতী নারীসহ অধুমপায়ী যাত্রীদের পরোক্ষ ধূমপানের ক্ষতি হতে সুরক্ষা প্রদান;
- পানের পিকমুক্ত স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে রেল স্টেশন ও ট্রেনের অভ্যন্তরে পান-জর্দা/সাদাপাতার ব্যবহার নিষিদ্ধকরণ;
- তামাক ও ধূমপানমুক্ত রেলওয়ে গড়ে তোলা এবং
- মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী তামাকমুক্ত বাংলাদেশ গড়ে তোলার ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন ইত্যাদি।

প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্য:

১) ধূমপান ও তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের অবস্থা পর্যালোচনা এবং এ আইন বাস্তবায়নে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ (বাংলাদেশ রেলওয়ের প্রথম শ্রেণীর কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট) কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ মডিউল আপডেট;

(২) কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধি, টেকসই পদ্ধতি এবং ট্রেন ও স্টেশনে তামাকজাত দ্রব্য বিক্রয় নিষিদ্ধ করার মাধ্যমে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন শক্তিশালীকরণ;

(৩) ট্রেন ও স্টেশনে নো-স্মোকিং সাইনেজ প্রদর্শন, ডিজিটাল ও মাইকিংয়ের মাধ্যমে সচেতনতা বৃদ্ধি।

প্রকল্পের জনবল:

ক্রমিক নং	নাম	পদবী
০১।	জনাব জালাল উদ্দিন আহমেদ	প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), IMBRTF প্রকল্প, রেলপথ মন্ত্রণালয়
০২।	জনাব মীর আলমগীর হোসেন	সমন্বয়কারী (উপসচিব), IMBRTF প্রকল্প, রেলপথ মন্ত্রণালয়
০৩।	জনাব সাজিয়া বিনতে সালেহ	প্রোগ্রাম অফিসার (কনসালটেন্ট), IMBRTF প্রকল্প, রেলপথ মন্ত্রণালয়
০৪।	জনাব মোঃ মিজানুর রহমান	অ্যাকাউন্টস অ্যান্ড লজিস্টিক আসিস্ট্যান্ট (কনসালটেন্ট), IMBRTF প্রকল্প, রেলপথ মন্ত্রণালয়

২

রেলপথ মন্ত্রণালয় গৃহীত তামাক নিয়ন্ত্রণ প্রকল্পের উল্লেখযোগ্য কর্মসূচি

ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইনসহ তামাক নিয়ন্ত্রণ সংশ্লিষ্ট রেলওয়ে আইন ও অন্যান্য প্রশাসনিক নির্দেশনা বাস্তবায়নে রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য:

- গাইডলাইন, কোড অব কনডাক্ট ও পলিসি পেপার তৈরি;
- প্রশিক্ষণ মডিউল তৈরি ও প্রশিক্ষণ প্রদান;
- ট্রেন ও স্টেশনে মনিটরিং ফরম তৈরি, আইন বাস্তবায়ন মনিটরিং ও মূল্যায়ন;
- প্রাতিষ্ঠানিকীকরণের মাধ্যমে আইন বাস্তবায়ন জোরদারকরণ;
- এ আইন বাস্তবায়নে ১০টি মডেল রেল স্টেশন গড়ে তোলা,
- সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি সংস্থাসমূহের সঙ্গে সমন্বয়;
- ট্রেন ও স্টেশনে মাইকে তথ্য প্রচারসহ তথ্য ও প্রচারণামূলক উপকরণ প্রকাশ ও বিতরণ;
- বিশেষ দিবস ও ছুটিকে কেন্দ্র করে প্রচারণা বৃদ্ধি এবং
- আইন বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী কর্মকর্তা-কর্মচারীদের উৎসাহ প্রদান।

R